অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন বসন্তজুড়ে চলমান প্রস্তুতি প্রচেষ্টা জোরদার করতে পুরো স্টেটে 20 মিলিয়নের বেশি কোভিড-19 পরীক্ষাব্যবস্থা প্রদান করা হবে

পরীক্ষাব্যবস্থা বিতরণ করা হবে নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের কেয়ার ফ্যাসিলিটি, স্কুল, NYCHA আবাস, বয়স্কদের কেন্দ্র, ফুড ব্যাংক, এবং স্থানীয় সম্প্রদায়সমূহের নির্বাচিত কর্মকর্তাদের কাছে

সাম্প্রতিক মাসগুলিতে 54 মিলিয়নের বেশি পরীক্ষাব্যবস্থা ইতিমধ্যে বিতরণ করা হয়েছে, এখন পর্যন্ত 90 মিলিয়নের বেশি সংগ্রহ করা হয়েছে

স্টেট কমপক্ষে 20 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা সতর্কতামূলকভাবে মজুদ করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের চলমান প্রস্তুতি প্রচেষ্টাকে জোরদার করতে 20 মিলিয়নের বেশি ওভার-দ্য-কাউন্টার কোভিড-19 পরীক্ষাব্যবস্থা বসন্তজুড়ে পুরো স্টেটে বিতরণ করা হবে।

"যেমনটি আমরা পুরো মহামারীজুড়ে দেখেছি, পরীক্ষার কিট কোভিড-19 সংক্রমণ রোধের লড়াইয়ে এবং অন্যদের এর সংস্পর্শে আসা ঠেকাতে একটি অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার," **গভর্নর হোকল বলেন।** "যদিও আমাদের আক্রান্তের সংখ্যা এখনো কম আছে, তবে পরীক্ষাব্যবস্থা বিতরণ বৃদ্ধি করার এবং আমাদের মজুদ বৃদ্ধি করার এটিই সময়, যাতে আমরা ভবিষ্যতে আমাদের সম্প্রদায়সমূহকে রক্ষা করার জন্য আমাদের প্রস্তুতি জোরদার করতে পারি এবং এই মহামারী নিরাপদে পার করতে পারি।"

স্টেট নার্সিং হোম, প্রাপ্তবয়স্কদের কেয়ার ফ্যাসিলিটি, এবং স্কুলগুলিতে ওভার-দ্য-কাউন্টার পরীক্ষা কিট প্রদান করা অব্যাহত রাখবে, এবং আগামী কয়েক মাসে নতুন কোভিড-19 আক্রান্তের ঘটনা সনাক্ত করা এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখার জন্য নির্বাচিত কর্মকর্তাদের সাথে অংশীদারিত্ব করবে।

এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক সিটির বাইরের স্কুলগুলিতে স্কুল বছর শেষ হওয়ার আগ পর্যন্ত এক সপ্তাহ অন্তর অন্তর এক মিলিয়ন পরীক্ষাব্যবস্থা প্রদান। নিউ ইয়র্ক সিটি আর বিতরণ পাচ্ছে না কারণ তাদের কাছে এই বছর পার করার জন্য যথেষ্ট পরীক্ষা কিট রয়েছে। বাড়িতে করার

পরীক্ষাব্যবস্থা আক্রান্তের ঘটনা সনাক্ত করতে এবং আমাদের সম্প্রদায়সমূহকে রক্ষা করতে অমূল্য সম্পদ হিসেবে প্রমাণিত হয়েছে; এগুলি শুধু শীতকালীন ছুটির পরের সপ্তাহেই শিক্ষার্থী ও কর্মীদের মধ্যে কমপক্ষে 15,000 পজিটিভ কেস খুঁজতে পেরেছে।

এইসব অব্যাহত বিতরণের পাশাপাশি, স্টেট পরীক্ষা কিটের বিতরণ পয়েন্টও বৃদ্ধি করছে। স্টেট সাধারণ মানুষের জন্য পরীক্ষাব্যবস্থার উপলভ্যতা বৃদ্ধি করতে পুরো নিউ ইয়র্কের মেয়র, কাউন্টি নির্বাহী, সংসদের সদস্য, বরোর প্রেসিডেন্ট এবং স্টেটের বিধায়কদের সাথে অংশীদারিত্ব করবে। এবং স্টেট নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (NYC Housing Authority, NYCHA) ভাড়াটিয়াদের কাছে 1.74 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা বিতরণ সমন্বয় করবে, যা প্রতি গৃহস্থালিকে চারটি করে পরীক্ষাব্যবস্থা প্রদানের জন্য যথেষ্ট। অতিরিক্ত 500,000 পরীক্ষাব্যবস্থা পুরো স্টেটের বিভিন্ন ফুড ব্যাংক এবং বয়স্ক কেন্দ্রের জন্য অনুরোধের ভিত্তিতে উপলভ্য করা হবে।

2021 সালের শেষের দিকের ওমিক্রন উত্থানের পূর্বে, গভর্নর হোকল এবং তার দল ওমিক্রন উত্থানের বিরুদ্ধে লড়াই করার জন্য ওভার-দ্য-কাউন্টার পরীক্ষা কিট নিশ্চিত করার, সাধারণ জনগণকে নিয়মিত বিতরণ, পুরো স্টেটের স্কুল এবং প্রাপ্তবয়স্কদের কেয়ার ফ্যাসিলিটিকে অগ্রাধিকার প্রদানের প্রয়োজন সনাক্ত করে।

বছরের শুরু থেকেই পুরো নিউ ইয়র্কে ইতিমধ্যে 54 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা বিতরণ করা হয়েছে, যার মধ্যে স্কুলগুলিতে প্রায় 30 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা, নার্সিং হোম এবং প্রাপ্তবয়স্কদের কেয়ার ফ্যাসিলিটিতে 12.5 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা, এবং স্থানীয় কর্মকর্তাদের নিজ নিজ সম্প্রদায়ের জনসাধারণের মধ্যে বিতরণের জন্য 10 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা রয়েছে। বিতরণ প্রচেষ্টা সাম্প্রতিক মাসগুলিতে 90 মিলিয়নের বেশি দ্রুত পরীক্ষাব্যবস্থা সংগ্রহ করার অনুবর্তী।

সংগৃহীত 90 মিলিয়নের বেশি পরীক্ষাব্যবস্থার মধ্যে প্রায় 20 মিলিয়ন পরীক্ষাব্যবস্থা বছরের পরের দিকে সম্ভাব্য আক্রান্তের সংখ্যা বৃদ্ধির প্রস্তুতিতে সাহায্য করার জন্য জমা রাখা আছে।

হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমারজেন্সি সার্ভিসেসের (State Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই শীতকালে, গভর্নর হোকল ওমিক্রনের উত্থানের সাথে লড়াই করতে নিউ ইয়র্কবাসীর হাতে হাতে পরীক্ষা কিট পৌঁছে দিয়েছেন। এই কিটগুলি শুরুতেই আক্রান্ত হওয়া সনাক্ত করে নিউ ইয়র্কবাসীকে বিস্তার রোধ করতে পদক্ষেপ নিতে দিয়ে আমাদের সকলকে নিরাপদে রাখতে সাহায্য করেছে। DHSES-এ আমাদের দল এই বসন্তে নিউ ইয়র্কবাসীদের আরো মিলিয়ন মিলিয়ন পরীক্ষা কিট বিতরণ করা অব্যাহত রাখবে যা ভবিষ্যৎ ইনফেকশন সনাক্ত করতে আমাদের সাহায্য করবে এবং শুরুতেই সংক্রমণ ঠেকিয়ে দিবে এবং ভবিষ্যতের সম্ভাব্য উত্থানের জন্য স্টেটের মজুদ বজায় রাখবে।"

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যসেট বলেন, "কোভিড-19 এর বিস্তার দমন করতে পরীক্ষা করা একটি অতি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে কাজ করেছে, এবং স্টেট নিউ ইয়র্কবাসীদের কাছে পরীক্ষা কিট পৌঁছে দেওয়ার গুরুত্বপূর্ণ কাজ অব্যাহত রেখেছে। দ্রুত পরীক্ষাব্যবস্থা বিতরণ করা গভর্নর হোকলের শীতকালীন আক্রান্ত বৃদ্ধির পরিকল্পনার একটি

হলমার্ক ছিলো, এবং পরীক্ষা করা এখনো আমাদের শ্রেণীকক্ষ, কর্মক্ষেত্র, এবং উচ্চ ঝুঁকিসম্পন্ন সম্প্রদায়সমূহকে সুস্থ ও নিরাপদ রাখতে সাহায্য করছে। যদি নিউ ইয়র্কবাসীরা কোভিড-19 এর সংস্পর্শে আসে, বা যদি তাদের লক্ষণ দেখা যায়, বা যদি তারা সম্প্রতি যাত্রা করে থাকে, তাহলে তাদের উচিত নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমারজেন্সি সার্ভিসেস ডিভিশনে আমাদের অংশীদাররা কঠোর পরিশ্রম করে যে বিনামূল্যের বাড়িতে পরীক্ষা করার কিট বিতরণ করছে, তার সুযোগ গ্রহণ করা।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "কোভিড-19 এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে পরীক্ষা কিট অত্যাবশ্যকীয়, এবং আমাদের সম্প্রদায়কে সুরক্ষা করতে সাহায্য করার জন্য অতি জরুরি এই সংস্থান প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। যখন আমরা নতুন স্বাভাবিক জীবনে ফেরার এবং নিউ ইয়র্ককে অগ্রসর করার পদক্ষেপ নিচ্ছি, তখন আমি মানুষকে উৎসাহিত করবো উপলভ্য সংস্থানের সদ্ব্যবহার করার জন্য, যেমন টিকা ও বুস্টার গ্রহণ।"
নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন,"আমাদের সর্বোচ্চ ঝুঁকিগ্রস্ত জনগোষ্ঠীসমূহের কাছে পরীক্ষাব্যবস্থা পাঠানোর মাধ্যমে, গভর্নর হোকল সর্বাপেক্ষা দুর্বল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে সুস্থ থাকার ব্যবস্থাসমূহ অব্যাহতভাবে উপলভ্য থাকে তা নিশ্চিত করতে সাহায্য করছেন। অতিরিক্ত এই পরীক্ষাব্যবস্থাগুলি শহরে বিতরণ হওয়া লক্ষ লক্ষ পরীক্ষা কিটের সম্পূরক হিসেবে কাজ করবে, নিউ ইয়র্ক সিটিকে নিরাপদ রাখবে এবং আমাদের সম্পূর্ণ ভাবে পুনরায় সবকিছু খুলে দিতে সাহায্য করবে। আমাদের মহামারী প্রস্তুতির একটি অতি গুরুত্বপূর্ণ অংশ হলো সরকারের সকল পর্যায়ের সাথে অংশীদারিত্ব করা এবং আমি গভর্নরের অব্যাহত অংশীদারিত্বের জন্য তার প্রতি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি অ্যাসোসিয়েশনের (NYS Association of Counties) নির্বাহী পরিচালক স্টিফেন যে. অ্যাকুয়ারিও বলেন, "ওভার-দ্য-কাউন্টার পরীক্ষা কিটের উপলভ্যতা বৃদ্ধি করা হলো কোভিড-19 যুগ থেকে স্বাভাবিক জীবনে ফেরত আসার জন্য আমাদের কৌশলের একটি মুখ্য অংশ। কোভিড-19 এর থেকে সুরক্ষার জন্য টিকাগ্রহণই এখনো সেরা উপায়, কিন্তু পরীক্ষা করাও ইনফেকশন বিস্তার প্রতিরোধের আরেকটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা যাতে করে আমরা নিরাপদে কাজ, স্কুল, এবং সামাজিক কর্মকাণ্ডে ফিরতে পারি। আমরা মহামারীর এই নতুন পর্যায়ের মধ্যে দিয়ে নিউ ইয়র্ক স্টেটকে নেতৃত্ব দিয়ে যাওয়ার জন্য এবং আমাদের বাসিন্দাদের নিজেদের ও তাদের পরিবারকে নিরাপদ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা প্রদানের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেট মেয়র কনফারেন্সের (New York State Conference of Mayors, NYCOM) নির্বাহী পরিচালক পিটার এ. বায়েন্স বলেন, "NYCOM গভর্নর হোকলের এই পুরো নিউ ইয়র্কের স্থানীয় সরকারের নেতৃবৃন্দের সাথে সক্রিয় অংশীদারিত্বের নেতৃত্ব দেওয়াকে NYCOM অনেক মূল্য দেয়। জনস্বাস্থ্য ব্যবস্থা, যেমন এই পরীক্ষা কিট প্রদান বৃদ্ধি করা, সবথেকে ভালো কাজ করে যখন তা মিউনিসিপ্যালিটিগুলির সাথে একটি সমন্বিত উপায়ে করা হয়, যেহেতু তারা সরকারের সবথেকে কাছের মানুষ। মেয়রেরা নিউ ইয়র্ক বাসীদের স্বাস্থ্য সুরক্ষা করার সকল কাজে গভর্নরের সাথে হাতে হাত মিলিয়ে কাজ করে যাবে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) স্পিকার এড্রিয়ান অ্যাডামস বলেন, "কোভিড-19 আক্রান্তের হার কমাতে এবং টিকাগ্রহণ বৃদ্ধি করতে নিউ ইয়র্কের অভাবনীয় অগ্রগতি সত্ত্বেও, আমরা এখনো একটি বৈশ্বিক মহামারীর আমাদের সম্প্রদায়সমূহকে সুস্থ রাখা নিশ্চিত করতে আমাদেরকে সতর্কতা অবলম্বন করা অব্যাহত রাখতে হবে এ যেসকল সংস্থানে আমাদের বিনিয়োগ অব্যাহত রাখতে হবে তার মধ্যে রয়েছে পরীক্ষাব্যবস্থা, যা নিউ ইয়র্কবাসীকে পজিটিভ কেস সনাক্ত করতে সাহায্য করে। আমি নিউ ইয়র্ক স্টেটজুড়ে পরীক্ষা কিট বিতরণে মনোযোগ দিতে তার নেতৃত্বের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "মহামারীর দুই বছর পর, আমরা জানি বিস্তার ঠেকাতে এবং নিজেদের, আমাদের বন্ধুদের এবং পরিবার ও আমাদের প্রিয়জনদের রক্ষা করার জন্য পরীক্ষা করানো কতটা গুরুত্বপূর্ণ। যদিও নিউ ইয়র্কে আক্রান্তের সংখ্যা এখন অনেক কম, তবুও এই পরীক্ষা কিটগুলি এটি করবে যাতে আমাদের সম্প্রদায়সমূহ এবং আমাদের সবথেকে দুর্বল জনগোষ্ঠী ভবিষ্যতের জন্য প্রস্তুত থাকে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভেন সিমব্রোউইচ বলেন, "NYCHA ডেভেলপমেন্টগুলিতে বাড়িতে পরীক্ষা করার কিটের সংখ্যা বৃদ্ধি করার অর্থ হবে ব্যস্ত কর্মজীবী পরিবারগুলি এবং বয়স্করা সহজেই এই পরীক্ষাব্যবস্থা পেতে পারবে এবং নিজেদেরকে এবং নিজেদের সম্প্রদায়সমূহকে কোনও অতিরিক্ত সময় বা প্রচেষ্টা ছাড়াই নিরাপদে রাখতে পারবে। আমি এইসব পরীক্ষা কিট বিতরণকে আমাদের স্টেটের কোভিড পুনরুদ্ধারের অত্যাবশ্যকীয় অংশ হিসেবে অগ্রাধিকার প্রদানের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418